গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nbr.gov.bd
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২, শাখা)

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাঃ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর অধিক্ষেত্র ও সীমানা নির্ধারণ সংক্রান্ত।**

সূত্র নং-১। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১২.০৮.০০১.১৭(অংশ), তারিখঃ-১৭ /১১/২০২৪ খ্রি.।
২। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০১২.০৮.০০১.১৭.১০, তারিখঃ-০৪ /১২/২০২৫ খ্রি.।
৩। অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং -০৮.০০.০০০০.০২৭.২৮.০৪৩.১৯.১০৮, তারিখঃ-১৮ /১১/২০২৫ খ্রি
৪। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫, তারিখঃ-২২ /১২/২০২৫ খ্রি.।
৫। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং -০৭.০০.০০০০.১৫১.২৮.০০২.২৩(অংশ-১)-৩৬৮, তারিখঃ-২৪ /১২/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর অধিক্ষেত্র ও সীমানা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম**

**ভ্যাট বিভাগীয় দপ্তরসমূহ:**

(১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আগ্রাবাদ বিভাগ
(২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, চট্টলা বিভাগ
(৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, চাদগাঁও বিভাগ
(৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাঙ্গামাটি বিভাগ
(৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পটিয়া বিভাগ
(৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, খাগড়াছড়ি বিভাগ
(৭) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদরঘাট বিভাগ
(৮) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ফৌজদারহাট বিভাগ

**কাস্টমস সংক্রান্ত অধিক্ষেত্র:**

(১) কাস্টমস হাউসের (যদি থাকে) অধিক্ষেত্র ব্যতীত কমিশনারেটের অধিক্ষেত্রের আওতাভুক্ত অন্যান্য এলাকা।
(২) কমিশনারেটের অধিক্ষেত্রের আওতাভুক্ত কাস্টমস স্টেশন, কাস্টমস গুদাম, আন্তর্জাতিক চেকপোস্ট, ডিউটি ফ্রি শপ, নৌ-রুট, কাস্টমস করিডোর (যদি থাকে)।

**ভ্যাট বিভাগীয় দপ্তরসমূহের অধীন সার্কেল অফিসসমূহের অধিক্ষেত্র ও সীমানা:**

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আগ্রাবাদ বিভাগ | ১. পতেঙ্গা সার্কেল | গানার্স ট্রেনিং এরিয়া থেকে টোল ঘর হয়ে ইছাহাক ডিপোর সামনে মহেষ খালের পশ্চিম পাশ হয়ে কাস্টম হাউসের পিছন দিকে পোর্ট অফিসার্স কলোনী পার হয়ে ইয়াছিন মিস্ত্রীর হাটের মোড় পর্যন্ত। তথা হতে নেভেল গেইটের উভয় পাশ সমগ্র হালিশহর এবং পতেঙ্গা প্রশাসনিক এলাকা এবং মহেশখাল সংলগ্ন পোর্টলিংক রোড হতে দক্ষিণ হালিশহর পর্যন্ত পোর্টলিংক রোডের পশ্চিম অংশ এলাকা। |
| | ২. আগ্রাবাদ-১ সার্কেল | বড়পোল মোড় থেকে হালিশহর রোড হয়ে পোর্ট লিংক পর্যন্ত রাস্তার উত্তরাংশ। মোহাব্বত আলী স্কুলের সামনে থেকে সাগরিকা ফ্লাইওভারের গোলচত্তর পর্যন্ত রাস্তার পূর্বাংশ। সাগরিকা ফ্লাইওভার গোলচত্তর থেকে কর্নেল জোনস রোডের মাথা পর্যন্ত রাস্তার পূর্বাংশ। কর্নেল জোনস রোড হয়ে ঢাকা চট্টগ্রাম মহাসড়ক সংযোগ পয়েন্ট (কর্নেলহাট মোড়) পর্যন্ত রাস্তার দক্ষিণাংশ। কর্নেল হাট মোড় হতে এ কে খান মোড় হয়ে অলংকার মোড় হয়ে সাগরিকা মোড় হয়ে বড়পোলের মোড় পর্যন্ত রাস্তার পশ্চিমাংশ থেকে পোর্টলিংক রোডের পূর্বাংশ পর্যন্ত। |
| | ৩. আগ্রাবাদ -২ সার্কেল | বারিক বিল্ডিং মোড় হতে বাদামতলী মোড় পর্যন্ত রাস্তার পশ্চিমাংশ। বাদামতলী মোড় হতে আগ্রাবাদ এক্সেস রোড হয়ে বড়পোল পুলিশ বক্স |

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | মোড় পর্যন্ত রাস্তার পূর্বাংশ। বড়পোল পুলিশ বক্স মোড় হতে বড়পোল মোড় পর্যন্ত রাস্তার পূর্বাংশ। বড়পোল মোড় হতে হালিশহর রোড হয়ে পোর্ট লিংক রোড পর্যন্ত রাস্তার দক্ষিণাংশ। মোহাব্বত আলী স্কুলের সামনে থেকে এসহাক ডিপো ব্রীজ পর্যন্ত পোর্ট লিংক রোডের পূর্বাংশ। এসহাক ডিপোর ব্রীজ থেকে মহেশ খালের পূর্বাংশ। |
| (২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, চট্টলা বিভাগ | ১. হালিশহর সার্কেল | বাদামতলীর মোড় থেকে আগ্রাবাদ এক্সেস রোডের পশ্চিম অভিমুখী রাস্তার উত্তর পাশ হয়ে এক্সেস রোডের পশ্চিম মাথা পর্যন্ত। তথা হতে পাঞ্জাবি লাইনের দক্ষিণ পশ্চিম পাশ হয়ে রেলওয়ে রোডের পশ্চিমাংশ থেকে পূর্বদিকে টাইগার পাশ এলাকার মামা ভাগিনার মাজার পর্যন্ত। মামা ভাগিনার মাজার থেকে ওয়াসার মোড় পর্যন্ত রাস্তার দক্ষিণ পশ্চিম পাশ (সিডিএ এভিনিউ)। ওয়াসার পশ্চিম মাথা হতে শেখ মুজিব রোডের বাদামতলীর মোড় পর্যন্ত রাস্তার পশ্চিম পাশ। |
| | ২. পাহাড়তলী সার্কেল | ওয়াসার মোড়ের উত্তর পশ্চিম থেকে সিডিএ এভিনিউ রাস্তার পশ্চিম পাশ নিয়ে ষোলশহর রেল গেইট পার হয়ে বায়জিদ বোস্তামী রোডের পশ্চিম পাশ নিয়ে বিএসআরএম স্টিল মিলস পর্যন্ত। গরীবুলাহ শাহ্ মাজারের রাস্তার উভয় পাশ নিয়ে জাকির হোসেন রোডের দক্ষিণ পাশ নিয়ে ইউএসটিসি পার হয়ে আকবর শাহ্ মাজারের মুখ পর্যন্ত। আকবর শাহ্ মাজারের পশ্চিম দিকে রাস্তার উত্তর পাশ নিয়ে ইস্পাহানী গেইট পর্যন্ত। |
| | ৩. পাঁচলাইশ সার্কেল | দামপাড়া সিডিএ এভিনিউ রোডের গরীবুলাহ শাহ্ মাজার মোড়ের পূর্বাংশ নিয়ে উত্তর দিকে অগ্রসর হয়ে জিইসি মোড় পার হয়ে ষোলশহর ২নং গেইটের মোড় পর্যন্ত রাস্তার দক্ষিণ পাশ। তথা হতে সিডিএ এভিনিউ রোডের উভয় পাশ হয়ে পূর্ব দিকে বহদ্দারহাট ট্রাফিক মোড়ের রাস্তার পশ্চিমাংশ পর্যন্ত। বহদ্দারহাট ট্রাফিক মোড় থেকে রাস্তার পশ্চিম পাশ হয়ে বাদুরতলা সড়কের কাপাসগোলা প্রাইমারি স্কুল পর্যন্ত। তথা হতে রাস্তার উত্তর পশ্চিম পাশ নিয়ে অলি খাঁ মসজিদের মোড় পর্যন্ত। অলি খাঁ মসজিদের মোড় হতে মেডিক্যাল কলেজ হাসপাতাল রোডের উত্তর পাশ হয়ে প্রবর্তকের মোড় পর্যন্ত। প্রবর্তক মোড় থেকে রাস্তার উত্তর পশ্চিম পাশ হয়ে মেডিক্যাল কলেজের পশ্চিম গেইটের রাস্তার পশ্চিম পাশ হয়ে (ওআর নিজাম রোড) গোল পাহাড় মোড়ের রাস্তার উত্তর পশ্চিম পাশ দিয়ে মৌলানা মোহাম্মদ আলী রোডের উত্তর পাশ হয়ে শিল্প কলা একাডেমি পার হয়ে গরীবুলাহ শাহ্ মাজার মোড়ের সিডিএ এভিনিউ রোডের পূর্বাংশ পর্যন্ত। |
| (৩) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, চাদগাঁও বিভাগ | ১. বাকলিয়া সার্কেল | চাক্তাই এলাকা, শাহ আমানত সেতু হতে রাস্তার উভয় পাশ হয়ে (সমগ্র চাক্তাই এলাকাসহ) মাকলিয়া এলাকা, শাহ আমানত সংযোগ সেতু সড়কের উভয় পাশ হয়ে উত্তর দিকে অগ্রসর হয়ে বহদ্দারহাট বোডের পূর্বাংশ ও কালুরঘাট অভিমুখী আরাকান রোডের উভয় পাশ হয়ে এফআইডিসি রোডের মোড়ের দক্ষিণাংশের সমগ্র এলাকা। |
| | ২. কালুরঘাট সার্কেল | কালুরঘাট ব্রীজ হতে পশ্চিম দিকে রাস্তার দক্ষিণ পাশ হয়ে কামাল বাজার হয়ে মোহরা কাপ্তাই রাস্তার মাথা পর্যন্ত রাস্তার দক্ষিণাংশ হয়ে এফআইডিসি রোডের মুখের পূর্ব- উত্তরাংশ পর্যন্ত। এফআইডিসি রোডের ভিতরে বিসিক এবং কালুরঘাট ভারী শিল্প এলাকার সমগ্র অংশ। |
| | ৩. কাপ্তাই সার্কেল | বহদ্দারহাট কাঁচা বাজার (খতিবের হাটের রাস্তার মুখ) থেকে পূর্ব দিকে আরাকান রোডের উত্তর পাশ মোহরা বাহার সিগনাল সিঙ্গোল পর্যন্ত। নকসাস শিল্প এলাকাসহ (মোহরা শিল্প এলাকা) নিয়ে কাপ্তাই রাস্তার উভয় পাশ নিয়ে সমগ্র রাউজান উপজেলা ও কাপ্তাই প্রশাসনিক এলাকা। এ ছাড়া রাঙ্গামাটি জেলার রাজস্থলী উপজেলার প্রশাসনিক এলাকা। |
| | ৪. নাসিরাবাদ সার্কেল | ২নং গেইট থেকে বায়জিদ বোস্তামী রোডের পূর্বাংশ হয়ে অক্সিজেন মোড়ের রাস্তার দক্ষিণ পাশ। অক্সিজেন মোড় হতে মুরাদপুর মোড় পর্যন্ত রাস্তার পশ্চিম পাশ। |

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, রাঙ্গামাটি বিভাগ | ১. রাঙ্গামাটি সার্কেল | রাজস্থলী, কাপ্তাই প্রশাসনিক এলাকা ব্যতীত রাঙ্গামাটি জেলার প্রশাসনিক এলাকা। |
| | ২. রাঙ্গুনিয়া সার্কেল | বায়েজিদ বোস্তামী রোডস্থ বাংলাদেশ টি বোর্ডের পশ্চিমাংশ হয়ে অক্সিজেন মোড় পর্যন্ত। অক্সিজেন মোড় হতে রাস্তার বাম পাশ হয়ে মুরাদপুর মোড় পর্যন্ত। মুরাদপুর মোড় হতে রাস্তার বাম পাশ হয়ে বহদ্দারহাট মসজিদের বাম পাশ হয়ে হাজী চাঁন মিয়া রোডের বাম পাশ হয়ে কুয়াইশ রোড পর্যন্ত। ধুপপুল ব্রীজ হয়ে মদুনাঘাট পর্যন্ত রাস্তার উভয় পাশ। অক্সিজেন মোড় থেকে শুরু করে রাস্তার উভয় পাশ হয়ে হাটহাজারী, রাঙ্গুনিয়া ও ফকিটছড়ি থানার প্রশাসনিক এলাকা। |
| (৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, পটিয়া বিভাগ | ১. পটিয়া সার্কেল | উপজেলা পটিয়া ও চন্দনাইশ এর প্রশাসনিক এলাকা। |
| | ২. কর্ণফুলী সার্কেল | কর্ণফুলীথানার প্রশাসনিক এলাকা। |
| | ৩. বোয়ালখালী সার্কেল | বোয়ালখালী উপজেলার প্রশাসনিক এলাকা। |
| | ৪. আনোয়ারা সার্কেল | উপজেলা আনোয়ারা ও উপজেলা বাশখালী এর প্রশাসনিক এলাকা। |
| (৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, খাগড়াছড়ি বিভাগ | ১. খাগড়াছড়ি সার্কেল | খাগড়াছড়ি জেলার প্রশাসনিক এলাকা। |
| | ২. সীতাকুন্ড সার্কেল | বার আউলিয়া মাজার থেকে উত্তর দিকে ঢাকা ট্রানক রোডের উভয় পাশ নিয়ে সীতাকুন্ড, মিরশরাই প্রশাসনিক এলাকা ও সন্দ্বীপ প্রশাসনিক এলাকা। |
| (৭) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদরঘাট বিভাগ | ১. সদরঘাট সার্কেল | ১নং জেটি গেইটের মোড় থেকে বারিক বিল্ডিং হয়ে শেখ মুজিব রোডের পূর্ব পাশ হয়ে রেলওয়ে অফিসার্স ক্লাব অভিমুখী রাস্তার উভয় পাশ হয়ে কদমতলী রোডের উত্তর মোড় পর্যন্ত। কদমতলী মোড় থেকে স্টেশন রোডের দক্ষিণ পাশ হয়ে পূর্বদিকে রেলওয়ে স্টেশন হয়ে নিউ মার্কেট মোড়ের দক্ষিণাংশে অমর চান্দ রোডের পশ্চিমাংশ হয়ে সদরঘাট রোডের পশ্চিমাংশ হয়ে স্ট্যান্ড রোডের পূর্ব মাথা পর্যন্ত। তথা স্ট্যান্ড রোডের পূর্ব থেকে রাস্তার উভয় পাশ হয়ে পশ্চিম দিকে রশিদ বিল্ডিং পর্যন্ত। রশিদ বিল্ডিং হতে রাস্তার উভয় পাশ হয়ে ১নং জেটি গেইট (বারিক বিল্ডিং মোড়) পর্যন্ত। |
| | ২. কোতোয়ালী-১ সার্কেল | বিপণী বিতান (নিউমার্কেট) এর সামনের গোল চত্তর হতে স্টেশন রোড ও ইউসুফ চৌধুরী রোড হয়ে টাইগার পাস মোড় পর্যন্ত সড়কের উত্তরাংশ। টাইগার পাস মোড় হতে মোহাম্মদ আলী সড়কের মাথা পর্যন্ত রাস্তার পূর্বাংশ। মোহাম্মদ আলী রোড হয়ে গোলপাহাড় ও প্রবর্তক মোড় হয়ে ফজলুল কাদের রোড হয়ে আলী খান মসজিদ পর্যন্ত রাস্তার দক্ষিণাংশ। আলী খান মসজিদ হতে গুলজার মোড় পর্যন্ত রাস্তার পশ্চিমাংশ। গুলজার মোড় হতে চট্টেশ্বরী মোড় পর্যন্ত রাস্তার উত্তরাংশ। চট্টেশ্বরী মোড় হতে কাজীর দেউরী মোড় পর্যন্ত রাস্তার পশ্চিমাংশ। কাজীর দেউরী হতে নুর আহমেদ রোড ও জুবলী রোড হয়ে বিপনী বিতান এর সামনের গোলচত্বর পর্যন্ত রাস্তার পশ্চিমাংশ। |
| | ৩. কোতোয়ালী-২ সার্কেল | সদরঘাট জেটি হতে সদরঘাট রোড ও অমরচাঁদ রোড হয়ে বিপনী বিতান গোল চত্তর পর্যন্ত রাস্তার পূর্বাংশ। বিপণী বিতান গোল চত্তর মোড় হতে জুবলী রোড ও নুর আহমেদ রোড হয়ে কাজীর দেউরী মোড় পর্যন্ত রাস্তার পূর্বাংশ। কাজীর দেউরী মোড় হতে চট্টেশ্বরী মোড় হতে গুলজার মোড় পর্যন্ত চট্টেশ্বরী রোডের দক্ষিণাংশ। গুলজার মোড় হতে ওয়ালী খাঁ মসজিদ পর্যন্ত রাস্তার পূর্বাংশ। ওয়ালী খাঁ মসজিদ হতে সিরাজ-উদ-দ্দৌলা রোডের মাথা পর্যন্ত রাস্তার দক্ষিণাংশ। সিরাজ-উদ-দ্দৌলা রোড হয়ে আন্দরকিল্লা গোল চত্তর পর্যন্ত রাস্তার উভয় পাশ। আন্দরকিল্লা মোড় হতে কোতয়ালী থানা মোড় পর্যন্ত রাস্তার উভয়পাশ হয়ে টেরিবাজার, খাতুনগঞ্জ আছাদগঞ্জ, কোরবানীগঞ্জ হয়ে চাক্তাই খালের পশ্চিম পাশ পর্যন্ত। কোতোয়ালী থানার মোড় হতে ফিরিঙ্গি বাজার রাস্তার উভয় পাশ হয়ে চাক্তাই খালের পশ্চিম অংশ পর্যন্ত।<br>কোতোয়ালী গোল চত্তর হতে ফিরিঙ্গি বাজার পর্যন্ত রাস্তার উভয় পাশ। ফিরিঙ্গি বাজার হতে কাজী নজরুল ইসলাম রোড হয়ে সদরঘাট রোড পর্যন্ত রাস্তার উভয় পাশ। |

| বিভাগের নাম | সার্কেলের নাম | অধিক্ষেত্র ও সীমারেখা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (৮) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ফৌজদারহাট বিভাগ | ১. ফৌজদারহাট-১ সার্কেল | পোর্ট লিঙ্ক রোড (ফৌজদারহাট লিঙ্ক রোড) হতে কর্নেলহাট মোড় পর্যন্ত ঢাকা চট্টগ্রাম মহাসড়কের উভয় পাশ। কর্নেলহাট মোড় হতে কর্নেল জোন্স রোড ধরে কাট্টলী সমুদ্র সৈকত পর্যন্ত সড়কের উত্তরাংশ। কর্নেলহাট মোড় হতে অলংকার মোড় পর্যন্ত সড়কের পূর্ব পাশ। পোর্ট কানেকটিং রোডের অলংকার মোড়ের পূর্বাংশে অবস্থিত নুর জাহান টাওয়ার হয়ে ঢাকা ট্রাঙ্ক রোড সিডিএ মার্কেট হয়ে জাকির হোসেন রোড ধরে এ. কে খান হয়ে আকবরশাহ রোডের উত্তর পার্শ্বে শাপলাই ঈগল টেক্সটাইল রোড ধরে গোল্ডেন ডিপো পর্যন্ত এলাকা। |
| | ২. ফৌজদারহাট-২ সার্কেল | পোর্ট লিংক রোড মোড় হতে বার আউলিয়া মাজার পর্যন্ত ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের রাস্তার উভয়পার্শ্ব । |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো ।

স্বাক্ষরিত
(মোঃ মোয়াজ্জেম হোসেন)
সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

প্রাপক
কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম ।

স্মারক নম্বরঃ ০৮.০১.০০০০.০০০.০১২.০১.০০০৫.২৫/২৩ (১)

তারিখঃ ১৩ মাঘ, ১৪৩২ বঙ্গাঃ
২৭ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি/কাস্টমস ও ভ্যাট প্রশাসন/কাস্টমস নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/কাস্টমস রপ্তানি, বন্ড ও আইটি/মূসক নীতি/মূসক নিরীক্ষা/মূসক বাস্তবায়ন ও আইটি/বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৪। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।
০৫। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও/ আইসিডি, চট্টগ্রাম/ভোমরা, সাতক্ষীরা।
০৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ভ্যাট ও কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব) ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কক্সবাজার/ ইকোনমিক জোন, ঢাকা ।
০৭। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৮। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
১০। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রথম সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। দ্বিতীয় সচিব (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৫। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৬। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। অফিস কপি।

27/01/2026
(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-২)